12/10/24, 11:00 AM wBwvdquTH+DDwAAAABJRU5ErkJggg== (325×820)

# ঢাবি আরবি বিভাগের নবীনবরণ, বিদায় সংবর্ধনা ও বৃত্তি প্রদান

**জনকণ্ঠ ডেস্ক ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় আরবি বিভাগের নবীনবরণ, বিদায় সংবর্ধনা এবং বৃত্তি প্রদান অনুষ্ঠান সোমবার আর.সি. মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। খবর আইএসপিআরের। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বৈশ্বিক যোগাযোগের ক্ষেত্রে আরবি ভাষা শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, বিশ্বের একটা বড় অংশের মানুষ এই ভাষায় কথা বলে। এই ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন দেশের সঙ্গে শিক্ষা ও গবেষণা, সাংস্কৃতিক, কূটনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারেন। তিনি বলেন, শিক্ষার্থীদের আবাসনসহ বিভিন্ন সংকট নিরসন এবং জীবনমান উন্নয়নে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকতার সঙ্গে কাজ করে যাচ্ছে। বিশ্ববিদ্যালয় থেকে মানবিকতা ও সৌহার্দ্যের শিক্ষা নিয়ে ভালো মানুষ হিসেবে গড়ে উঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশ ও সমাজের কল্যাণে তাদের কাজ করতে হবে।

… 1/1